INDIA NON JUDICIAL

१०००रु.    Rs 1000

सत्यमेव जयते

भारत

एक हज़ार रुपये ONE THOUSAND RUPEES

Admissible under Rule 21 of the West Bengal ... Act 1955, duly stamped (exempted from stamp duty) under the Indian Stamp Act, 1899 as amended in 1990 Schedule 1A No. 45 [illegible]

Registrar u/s. 7 (2) South 24-Parganas

20.1.89

-: আপোষ বন্টননামা দলিল বা পার্টিশান দলিল :-

প্রথম পক্ষ :- শ্রী সুনীল কুমার মুখার্জী, পিতা মৃত - প্রফুল্ল কুমার মুখার্জী, ওরফে - বটকৃষ্ণ মুখার্জী,
জাতি - হিন্দু, পেশা - অবসরপ্রাপ্ত,
সাং- ২৮ সি, মহিম হালদার ষ্ট্রীট, থানা - ভবানীপুর,
কলিকাতা - ২৬ ।।

---

দ্বিতীয় পক্ষ :- শ্রী সুশীল কুমার মুখার্জী, পিতা মৃত - প্রফুল্ল কুমার মুখার্জী,
ওরফে বটকৃষ্ণ মুখার্জী, জাতি - হিন্দু, পেশা - চাকুরী,
সাং- ২৮ বি, মহিম হালদার ষ্ট্রীট, থানা - ভবানীপুর,
কলিকাতা - ২৬ ।।

---

1000/-

5447 30/12/88

নং ------- তাং

নাম শ্রী Sushil Kr Mukherjee

ঠিকানা 22 B Mohim Halder St

থানা Cal-26

ভেন্ডার শ্রী

আলিপুর পুলিশ কোর্ট

কলিকাতা-২৭

5447/2 4449

Presented for Registration at ... A.M./P.M. on the 20th day of Jan 1989 at the Sub-Registration Office, Alipore ...

Executant, ... one of the Executants ... or Attorney for Executant / Claimant ... under Power of attorney No. ... of 19 ... authenticated by ... Registrar of ...

Sushil Kumar Mukherjee

1) Sushil Kumar Mukherjee S/o Lt Prafulla Kumar Mukherjee

2) Sunil Kumar Mukherjee S/o Lt Prafulla Kumar Mukherjee

Son/Wife/Daughter of ...

28C Mohim Halder Street Bhowanipore

District 24 Parganas

By Caste/Hindu/Muslim

By Profession ... Retired

Registrar u/s. 7 (2) South 24-Parganas

20.1.89

শ্রী সুনীল কুমার মুখার্জী



696

শ্রী সুনীল কুমার মুখার্জী



697

শ্রী সুশীল কুমার মুখার্জী

Amiya Madhab Ganguly

Lt Kali Kanti Ganguly

Son/Wife/Daughter of ...

36/1, Mohim Halder Street Bhowanipore Cal-26

District 24 Parganas

By Caste/Hindu/Muslim

By Profession ... Retired

Registrar u/s. 7 (2) South 24-Parganas

20-1-89

শ্রী অমিয় মাধব গাঙ্গুলী

পিতা কালীকান্তি গাঙ্গুলী

সাং ৩৬/১ মহিম হালদার স্ট্রীট

থানা ভবানীপুর - কলিকাতা :- ২৬. অবসরপ্রাপ্ত,

85 100Rs.






কস্য আপোষ বন্টন নামা দলিল পত্র মিদং কার্য্যঞ্চাগে :-

জেলা দক্ষিণ ২৪ পরগণা , থানা ভবানীপুর , সাবরেজিষ্ট্রী অফিস আলিপুর ডিহি ৫৫ গ্রাম মগুরখণ্ড , পরগণা - খাসপুর , মৌজা - কালিঘাট গ্রাম মধ্যে যাহা অধুনা কলিকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশনের অন্তর্গত ৮৩ নং ওয়ার্ড ভুক্ত হাল ২৮।১, - ২৮ বি, ও ২৮ সি , মহিম হালদার ষ্ট্রীট প্রেমিসেস্ ভুক্ত কমবেশ ৪ চার কাঠা ১৩ তের ছটাক ৪ চার বর্গফুট জমি মায় তদুপরিস্থিত পাকা গৃহাদি মায় সাজপাট আকর আওলাতাদি ও চলাচলের রাস্তার ইজমেন্ট সুখাদি সহ সম্পত্তি অত্র বন্টন নামা দলিলের পক্ষদ্বয় ও আমাদের কনিষ্ঠ ভ্রাতা অধুনা মৃত সুবোধ চন্দ্র মুখার্জ্জী ও -

100/-

5448 30/12/88

Sushil Kr Mukherjee

28 B Mahim Halder St

[illegible signature] Cal-26

আলিপুর পুলিশ কোর্ট

[illegible]

Registrar u/s. 7 (2)
South 24-Parganas

20.1.89

86 100Rs.

INDIA NON JUDICIAL

१00 रु. Rs 100

सत्यमेव जयते

भारत

एक सौ रुपये ONE HUNDRED RUPEES

( ৩ )

আমাদের পিতা অধুনা মৃত প্রফুল্ল কুমার মুখার্জ্জী ওরফে বটকৃষ্ণ মুখার্জ্জী বিগত ইংরাজী ১৯৩৭ সালে আলিপুর ১ম সাবজজ্ আদালতের ৬২ নং দেওয়ানী পার্টিশান মোকর্দ্দমায় পৃথক ছাহামে ।।৹ অংশে ৪ চার কাঠা ১০ তের ছটাক ৪ চার বর্গফুট জমি ও তদ্ পরিস্থিত ইমারতাদি প্রাপ্ত হইয়া তাহাতে সকলে অর্থাৎ পক্ষদ্বয় ও আমাদের কনিষ্ঠ ভ্রাতা । ও পিতা তুল্যাংশে ভোগ দখল করিতে থাকি, এমতপ্রকারে বিগত ইংরাজী ১৮।৮।১৯৪৮ সালে আমাদের পিতা পরলোক গমন করিলে তাহার ত্যক্ত অংশের সম্পত্তি আমরা অত্র দলিলের পক্ষদ্বয় ও আমাদের কনিষ্ঠ ভ্রাতা সুবোধ চন্দ্র মুখার্জ্জী, তিন ভ্রাতা পৈত্রিক ওয়ারিশান সূত্রে প্রাপ্ত ও নিজ নিজ অংশ সহ একত্রে এজমালিতে ভোগ দখল করিতে থাকাকালে উক্ত সুবোধ চন্দ্র মুখার্জ্জী বিবাহআদী না - করিয়া পরলোক গমন করিলে তাহার প্রাপ্ত অংশের সম্পত্তি আমরা অত্র দলিলের ১ম ও ২য় পক্ষদ্বয় তাহা তুল্যাংশে প্রাপ্ত হইয়া উভয় ভ্রাতা আমরা আমাদের নিজ -

100/-

নং 5449 তাং 30/12/88

নাম শ্রী Sushil Kr Mukherjee

ঠিকানা 28B Mahim Halder Street

থানা Cal-26

ভেন্ডার শ্রী

আলিপুর পুলিশ কোর্ট

২৪ পরগণা, কলিকাতা-২৭

Registrar u/s. 7 (2)
South 24-Parganas

20.1.89

নিজ অংশ ও আমাদের পিতার ত্যাক্ত সম্পত্তি ও আমাদের কনিষ্ঠ ভ্রাতার ত্যাক্ত সম্পত্তি যাহা ২৮।১, ২৮ বি, ও ২৮ সি, মহিম হালদার ষ্ট্রীট প্রেমিসেস্ ভুক্ত ৪ চার কাঠা ১৩ তের ছটাক ৪ চার বর্গফুট জমি মধ্যে কতক জমি রাস্তা ইত্যাদি যাওয়া বাদে সরোজমিন মাপসুরত ৪ চার কাঠা ১০ ছটাক ২১ বর্গফুট জমি হইতেছে।

এক্ষণে পক্ষ গণের ভোগ দখলের সুবিধার্থে ও ভবিষ্যতে যাহাতে পরবর্ত্তী ওয়ারিশ গণের মধ্যে উক্ত সামান্য সম্পত্তি লইয়া কোন প্রকার মামলা মোকর্দ্দমা বা ঝগড়া ঝঞ্ঝাট না হয় তার জন্য পক্ষগণ উহা আপোষে বিভাগ বন্টন করিয়া লইতে ইচ্ছুক হইয়া উক্ত বন্টন কৃত সম্পত্তির নক্সা প্রস্তুত করিয়া তাহাতে লাল ও হরিদ্রা রং এর দ্বারা ২টী লটে বিভক্ত করিয়া এবং ১ম ও দ্বিতীয় পক্ষের প্রাপ্ত অংশে যাতায়াতের জন্য ৮' ফুট চওড়া একটী কমন প্যাসেজ প্রদর্শিত করিয়া লইয়াছি, প্রকাশ থাকে যে, অত্র বন্টন নামা দলিল খানি উভয় পক্ষের মতানুসারে প্রস্তুত করিয়া তাহাতে উভয়ে সহি সম্পাদন ও রেজিষ্ট্রী করিয়া দিয়া এতদ্বারা স্বীকার, অঙ্গীকার, প্রকাশ ও প্রচার করিতেছি যে :-

অত্র বন্টন নামা দলিল দ্বারা ১ম ও ২য় পক্ষ যাহাকে যে অংশ এ্যালটমেন্ট -

Registrar u/s. 7 (2)
South 24-Parganas
20.1.89

(৫)

করা হইল তাহাই উভয় পক্ষ মানিয়া লইতে বাধ্য থাকিলেন , ভবিষ্যতে কাহারও কোন ওজরাপত্তি আদৌ গ্রাহ্য হইবেক না ।

বিশেষ ভাবে প্রকাশ থাকে যে , অত্র দলিলের ১ম পক্ষ এই বণ্টন নামা দলিলের " খ" তপশীল ভুক্ত কমবেশ ২ দুই কাঠা ৬ ছয় ছটাক ২১ একুশ বর্গফুট জমি মায় তদুপরিস্থিত পাকা গৃহাদি মায় সাত পাট , পায়খানা , বারান্দা , চাতাল , বাথরুম , মায় বিজলী বাতির কনেকশান সহ সম্পত্তি যাহা অত্র সহ নক্সায় হরিদ্রা রং এর দ্বারা সীমাকৃত লট" এ" চিহ্নিত সম্পত্তি এক্ষ ষোল আনা রকম প্রাপ্ত হইলেন তিনি উহাতে তাহার নিজ নাম পত্তন করতঃ উহা যদৃচ্ছা ভাবে দান , বিক্রয় , বন্ধক , হস্তান্তর ও রূপান্তর করনের অবাধ ক্ষমতা যুক্তে পুত্র , পৌত্র ওয়ারিশগণক্রমে পরম সুখে নির্ব্বিবাদে খাসে ভোগ দখল করিবেন , তাহাতে দ্বিতীয় পক্ষের কোন ওজরাপত্তি করা চলিবে না করিলেও তাহা এই বণ্টন নামা দলিল দ্বারা সর্ব্বদা ও সর্ব্বথা ও সর্ব্বাদালতে বাতিল ও অগ্রাহ্য হইবেক ।

7

20 1 89

বিশেষ ভাবে প্রকাশ থাকে যে, অত্র দলিলের ২ য় পক্ষ এই বণ্টন নামা দলিলের "গ" তপশীল উক্ত কমবেশ ১ এক কাঠা ১৩ তের ছটাক ২৭ সাতাশ বর্গফুট জমি মায় তদুপরিস্থিত পাকা গৃহাদি মায় সাজপাট, পায়খানা, বারান্দা, চাতাল, বাথরুম, মায় বিজলী বাতির কনেক্সান সহ সম্পত্তি যাহা অত্র সহ নক্সায় লাল রং এর রেখা দ্বারা সীমাকৃত লট "বি" চিহ্নিত সম্পত্তি একক ষোল আনা রকম প্রাপ্ত হইলেন। উহাতে ২ য় পক্ষ তাহার নিজ নাম পত্তন ক্রমে উহার ট্যাক্স তাহার নিজ নামে আদায় দিয়া উহা যদৃচ্ছা ভাবে দান, বিক্রয়, বন্ধক, হস্তান্তর, ও সর্ব্ব প্রকার রূপান্তর করনের অবাধ ক্ষমতাযুক্তে পুত্র, পৌত্র ওয়ারিশান গণক্রমে পরম সুখে ও নির্ব্বিবাদে খাসে ভোগ দখল করিবেন, তাহাতে ১ম পক্ষের কোন ওজরাপত্তি করা চলিবেনা করিলেও তাহা এই দলিলের দ্বারা সর্ব্বদা ও সর্ব্বথা ও সর্ব্বাদালতে বাতিল ও অগ্রাহ্য হইবেক।

বিশেষ ভাবে প্রকাশ থাকে যে, অত্র বণ্টন নামা সাথ গ্রথিত নক্সায় সবুজ রং দ্বারা প্রদর্শিত "সি" লট উক্ত ৮' ফুট চওড়া ৩৮ ফুট দৈর্ঘ যে কমন প্যাসেজ দর্শান আছে তাহা পক্ষ গণের মধ্যে কমন থাকিল, উক্ত প্যাসেজের উপর দিয়া উভয় পক্ষ ও তাহাদের ওয়ারিশ গণ অবাধে চলাচল ও উহার উপর ও তলদেশ হইতে যে-কোন প্রকার কনেক্সান ইত্যাদি লইতে ও ব্যবহার করিতে পারিবেন, তাহাতে কোন পক্ষের ওজরাপত্তি গ্রাহ্য হইবেক না।

20·1·89

উল্লেখ থাকে যে, ২ য় পক্ষের প্রাপ্ত অংশে বর্ত্তমানে ইলেক্‌ট্রীক মিটার রহিয়াছে, তবে ১ম পক্ষ তাহার প্রাপ্ত অংশে নক্সায় প্রদর্শিত কমন প্যাসেজ প্রস্তুত হইলে উক্ত স্থান হইতে ইলেক্‌ট্রীক কানেক্‌সান, ড্রেন ইত্যাদি যত শীঘ্র সম্ভব গ্রহন করিবেন। যতদিন উক্ত প্যাসেজ না হয় ততোদিন পূর্ব্ববৎ চলিতে থাকিবে, তবে কমন প্যাসেজটী তৈরী করিতে উভয় পক্ষ আন্তরীক ভাবে প্রচেষ্টা চালাইবেন।

আরও প্রকাশ থাকে যে, পক্ষ গণের নিজ নিজ প্রাপ্ত অংশের দ্বিতলে নিজ নিজ খরচায় গৃহাদি নির্ম্মাণ করিতে পারিবেন, তাহাতে কোন পক্ষের ওজরাপত্তি আদৌ গ্রাহ্য হইবেক না।

আমরা পক্ষ গণ এতদ্বারা স্বীকার, ও অঙ্গিকার করিতেছি যে, অত্র মূল বন্টন নামা দলিল খানি অত্র দলিলের ২য় পক্ষের নিকট গচ্ছিত থাকিবে, তবে প্রথম পক্ষের প্রয়োজনে উহা যে-কোন অফিস আদালতে দ্বিতীয় পক্ষ দর্শাইতে বাধ্য থাকিবেন, উহার কোন ব্যাতিক্রম করা চলিবে না।

ইতি পূর্ব্বে আমাদেরযে-কামন প্যাসেজ ছিল অর্থাৎ যে ৮' ফুট চওড়া কমন প্যাসেজ দর্শানো ছিল তাহার স্থলে উভয় পক্ষের সুবিধার্থে ২৮।১, মহিম হালদার ষ্ট্রীট এর পূর্ব্ব পার্শ্ব দিয়া ৮' ফুট চওড়া ও ৩৮' ফুট দৈর্ঘ সবুজ এর দ্বারা চিহ্নিত করিয়া কমন প্যাসেজ দর্শানো আছে, যাহা উভয় পক্ষের মতানুসারে করা হইল, পূর্ব্বের কমন প্যাসেজ পক্ষ দুয়ের অংশে ভাগ করিয়া নওয়া হইল।

20.1.89

উল্লেখ করা প্রয়োজন যে, পক্ষ দুয়ের সুবিধার জন্য এযাবৎকাল যে পক্ষ যে সম্পত্তিতে ভোগ দখল করিতেছিলেন অর্থাৎ ১ম পক্ষ এককভাবে ২৮ সি, মহিম - হালদার স্ট্রীট প্রেমিসেস্ ভুক্ত সম্পূর্ণ জমি ও ২ য় পক্ষকে ২৮ বি, মহিম হালদার - স্ট্রীট প্রেমিসেস্ ভুক্ত সম্পত্তি সম্পূর্ণ এবং ২৮।১, মহিম হালদার স্ট্রীট প্রেমিসেস্ ভুক্ত জমিতে উভয় পক্ষের চলাচলের জন্য ৮'ফুট চওড়া ও ৩৮ ফুট লম্বা'' সি'' লট ভুক্ত কমন প্যাসেজ বাদে বক্রি জমি ২ দুই পক্ষকে সমান ভাবে এ্যালোটমেন্ট করা হইল।

উপরি বর্ণিত সমুদয় চুক্তিতে আমরা পক্ষদ্বয় সম্পূর্ণ একমত রহিলাম, ভবিষ্যতে XXXX আমরা উক্ত বন্টনকৃত সম্পত্তি সম্পর্কে কোন প্রকার অযৌক্তিক দাবী দাওয়া করিতে পারিব না করিলেও তাহা এই দলিল দ্বারা সর্ব্বদা ও সর্ব্বথা বাতিল অগ্রাহ্য বলিয়া গণ্য হইবেক।

এতদর্থে সুস্থ শরীরে, সরলমনে, অন্যের বিনানুরোধে, নিজ হিতার্থে, স্বেচ্ছায় ও সুজ্ঞানে, অত্র দলিল খানি পাঠ করিয়া উহার মর্ম্ম সম্যক অবগত হইয়া ও বুঝিয়া অত্র দলিলে উভয় পক্ষ সহি সম্পাদন করিলাম। ইতি তাং ইংরাজী ১৯৮৯, সালের -২০শে জানুয়ারী- মোতাবেক বাংলা ১৩৯৫ সালের -৬ই- মাঘ,

[illegible]
[illegible]

20-1-89

'' ক'' তপশীল বর্ণিত সম্পত্তি যাহা বন্টন নামা দলিলের সম্পূর্ণ ষোল আনা সম্পত্তি হইতেছে , সমুদয় সম্পত্তির আনুমানিক মূল্য :- ৬০,০০০ ষাট হাজার টাকা মত্র ।।

---

জেলা দক্ষিণ ২৪ পরগণা , থানা- ভবানীপুর , সাব রেজিষ্ট্রী আলিপুর , পরগণা - খাসপুর , অত্র জেলা কালেক্টারীর ১২৯৮। ২৮০৩ নং তৌজি ভুক্ত , মৌজা - কালীঘাট গ্রামে যাহা অধুনা কলিকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশানের অধীন ২৮।১ নং মহিম দানদার ষ্ট্রীট, ২৮ বি , মহিম দালদার ষ্ট্রীট ও ২৮ সি, মহিম - হালদার ষ্ট্রীট যথা ৩ টী প্রেমিসেস্ ভুক্ত কমবেশ ৪ চার কাঠা ১৩ তের ছটাক ৪ চার বর্গফুট জমির মধ্যে কতক জমি বেদখল বাদে বক্রি ৪ চার কাঠা ১০ দশ ছটাক ২৯ উনত্রিশ বর্গফুট জমি মায় তদুপরিস্থিত পাকা বাটী মায় সাত্রপাট বারান্দা , পায়খানা , বাথরুম , মায় সর্ব্ব প্রকার ইজমেন্ট স্বত্বাদি সহ সম্পত্তি অত্র বন্টন নামা দলিলের বিষয় ভুক্ত সম্পত্তি হইতেছে ।

'' খ'' তপশীল ভুক্ত সম্পত্তি যাহা অত্র বন্টন নামা দলিলের ১মপক্ষ- শ্রী সুনীল কুমার মুখার্জ্জী একক্ ষোল আনা রকম প্রাপ্ত হইলেন , উহার অনুমানিক মূল্য :- ৩০,০০০ টাকা

---

জেলা দক্ষিণ ২৪ পরগণা , থানা - ভবানীপুর , সাবরেজিষ্ট্রীআলিপুর , পরগণা - খাসপুর , অত্র জেলা কালেক্টারীর মহাল ১২৯৮।২৮০৩ নং তৌজি ভুক্ত

Registrar u/s. 7 (2)
South 24-Parganas

20.1.89

ডিহি ৫৫ গ্রাম সত্তর্গত মৌজা - কালীঘাট গ্রামে অধুনা কলিকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশানের ৮৩ নং ওয়ার্ড ভুক্ত ২৮।১, ২৮ বি, ও ২৮ সি, মহিম হালদার ষ্ট্রীট প্রেমিসেস্ ভুক্ত সম্পূর্ণ সরেজমিন মাপ মত ৪ চার কাঠা ১০ দশ ছটাক ২৯ উনত্রিশ বর্গফুট জমি মধ্যে ২৮ সি, মহিম হালদার ষ্ট্রীট সম্পূর্ণ প্রেমিসেস ও ২৮।১ নং মহিম হালদার ষ্ট্রীট প্রেমিসেসের উত্তরাংশের অর্দ্ধাংশের সম্পত্তি সহ মোট ২ দুই কাঠা ৬ ছয় ছটাক ২১ একুশ বর্গফুট জমি সায় তদুপরিস্থিত পাকা গৃহাদি সায় সাজসাট, বারান্দা, চাতাল, পায়খানা, বাথরুম, রান্নাঘর জল কল, সায় সর্ব্ব প্রকার যাতায়াতের ইজমেন্ট ও ব্যবহারীক সত্ব সহ সম্পত্তি ১ম পক্ষ - শ্রী সুনীল কুমার মুখার্জ্জী একক্ ষোল আনা রকম প্রাপ্ত হইলেন, যাহা অত্র সহ নক্সায় হরিদ্রা রং এর রেখা দ্বারা বিশেষ ভাবে প্রদর্শিত নট'' এ'' চিহ্নিত অংশ অর্থাৎ ১ম পক্ষের অংশ, উহার মূল্য আনুমানিক :- ৩০, ০০০্ ত্রিশ হাজার টাকা মাত্র।

'' গ'' তপশীল ভুক্ত সম্পত্তি যাহা অত্র বন্টন নামা দলিলের ২য় পক্ষ - শ্রী সুশীল কুমার মুখার্জ্জী এই দলিল দ্বারা একক্ ষোল আনা রকম প্রাপ্ত হইলেন, উহার মূল্য আনুমানিক :-৩০, ০০০্ টাকা

---

জেলা দক্ষিণ ২৪ পরগণা, থানা - ভবানীপুর, সাবরেজিষ্ট্রী আলিপুর, পরগণা - খাসপুর, অত্র জেলা কালেক্টারীর ১২১৮।২৮৩৩ নং তৌজি ভুক্ত মৌজা - কালীঘাট গ্রামে অধুনা কলিকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশানের অধীন, ৮৩ নং ওয়ার্ড -

Registrar u/s. 7 (2)
South 24-Parganas

20.1.89

উক্ত যথাক্রমে ২৮।১, ২৮।বি, ২৮ সি, মহিম হালদার ষ্ট্রীট প্রেমিসেস্ উক্ত সরেজমিন মাপ সুরত ৪ চার কাঠা ১০ দশ ছটাক ২৯ উনত্রিশ বর্গফুট জমির মধ্যে ২৮ বি, মহিম হালদার ষ্ট্রীট প্রেমিসেস্ এর সম্পূর্ণ অংশ ২৮।১, মহিম হালদার ষ্ট্রীটের দক্ষিণাংশের অর্দ্ধাংশ সহ মোট ১ এক কাঠা ১৩ তের ছটাক ২৭ সাতাশ বর্গফুট জমি মায় তদ্‌পরিস্থিত পাকা ইমারৎ বাটী মায় সাজপাট, পায়খানা, বাথরুম, রান্নাঘর, চাতাল, বারান্দা, মায় চলাচলের ইজমেন্ট ও ব্যবহারিক স্বত্ব সহ সম্পত্তি যাহা অত্র সহ প্ল্যানে লাল রং এর রেখা দ্বারা সীমাকৃত ও নট'' বি'' অক্ষর দ্বারা চিহ্নিত অংশ ২ য় পক্ষ শ্রী সুশীল কুমার মুখার্জ্জী এই দলিল দ্বারা একায়েক প্রাপ্ত হইলেন। উহার মূল্য আনুমানিক :- ৩০,০০০্ ত্রিশ হাজার টাকা মাত্র।

-:" ঘ" তপশীল উক্ত সম্পত্তি যাহা পক্ষদ্বয় এর মধ্যে কমন থাকিবে :-

ঐ থানা, ঐ মৌজা কলিকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশনের অন্তর্গত ২৮।১, মহিম হালদার ষ্ট্রীট প্রেমিসেস্ উক্ত সম্পত্তির পূর্ব্বাংশ হইতে ৮' ফুট চওড়া ৩৮' ফুট দৈর্ঘ কমন প্যাসেজে কমবেশ ৬ ছয় ছটাক ২৬ ছাব্বিশ বর্গফুট জমি যাহা অত্র সহ নক্সায় নট" সি'' উক্ত সবুজ রং দ্বারা প্রদর্শিত অংশ উভয় পক্ষের মধ্যে কমন রহিল।

মুসাবিদাকারক :-

শ্রী হিরণ্ময় সামন্ত (signature)

দলিললেখক, আলিপুর,

লাইসেন্স নং - ১৪,

****************

টাইপকারক :-

স্নেহ সমাদ্দার (signature)

স্নেহ সমাদ্দার,

আলিপুর, কলিকাতা - ২৭ ।।

************************

ইসাদী :-

১। Sunil Kumar Kar
Alipur. Cal. 27.

২। Susanta Kumar Mukherjee
28/1, Mahim Halder Street
Kalighat - Cal-700026

Registrar u/s. 7 (2)
South 24-Parganas
20.1.89

Book No. 1
Volume No. 15
Pages No. 85
Being No. 653
for the Year 19 89

Registrar u/s. 7 (2)
South 24-Parganas
6.9.95